

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬১২ ৬/ সফর (أُبُوابُ السَّفَرِ) পরিচ্ছেদঃ সালাতের ফ্যীলত।

# باب مَا ذُكِرَ فِي فَضْلِ الصَّلاةِ

#### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي زِيَادِ الْقَطَوَانِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، حَدَّثَنَا غَالِبٌ أَبُو بِشْرٍ، عَنْ أَيُّوبَ بْنِ عَائِدُ الطَّائِيِّ، عَنْ قَيْسِ بْنِ مُسْلِمٍ، عَنْ طَارِقِ بْنِ شِهَاب، عَنْ كَعْبُ كَعْب بْنِ عُجْرَةَ، قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أُعِيدُكَ بِاللَّهِ يَا كَعْبُ بْنَ عُجْرَةَ مِنْ أُمَرَاءَ يَكُونُونَ مِنْ بَعْدِي فَمَنْ غَشِيَ أَبُوابَهُمْ فَصَدَّقَهُمْ فِي كَذِيهِمْ وَأَعَانَهُمْ عَلَى ظُلْمِهِمْ فَهُوَ مِنِي وَأَنا مِنْهُ وَسَيَرِدُ عَلَى الْحَوْضَ وَمَنْ غَشِي أَبُوابَهُمْ أَوْ لَمْ يَغْشَ فَلَمْ يُعِنْهُمْ عَلَى ظُلْمِهِمْ فَهُو مِنِي وَأَنَا مِنْهُ وَسَيَرِدُ عَلَى ً الْحَوْضَ وَمَنْ عَشِي أَبُوابَهُمْ أَوْ لَمْ يَغْشَى يَلْمِ عَلَى طُلُمِهِمْ فَهُو مِنِي وَأَنَا مِنْهُ وَسَيَرِدُ عَلَى ً الْحَوْضَ يَعْشَى أَبْوابَهُمْ أَوْ لَمْ يَعْشَى أَلْمُ عَلْمَ عُلْمَ أَلُو الْمَعْمُ فَهُو مِنِي وَأَنَا مِنْهُ وَسَيَرِدُ عَلَى ً الْحَوْمِضَ يَعْشِي فَلْمَا مُنْ وَالصَّوْمُ جُنَّةٌ حَصِينَةٌ وَالصَّدَقَةُ تُطْفِئُ الْمَاءُ النَّارَ . يَا كَعْبُ بُن عُجْرَةَ إِنَّهُ لاَ يَرْبُو لَحُمْ نَبَتَ مِنْ سُحْتِ إِلاَّ كَانَتِ النَّارُ لَي كَانِتِ النَّارُ لَي كَانِي النَّارُ عَلَى اللهِ بْنِ مُوسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ عَبْيِدِ اللَّهِ بْنِ مُوسَى . وَأَيُّوبُ بُن عُلِيثٍ فَلَا أَيْ مِنْ هَذَا الْوَجْهِ لَا يَعْرِفُهُ وَيُقَالُ كَانَ يَرَى رَأَى الْإِرْجَاءِ . وَسَأَلْتُ مُحَمَّدًا عَنْ هَذَا الْحَدِيثِ غَلِيهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبَيْدِ اللَّهِ بْنِ مُوسَى . وَأَيُوبُ بُن عُلْمَ الْمُوبُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبَيْدِ اللَّهِ بْنِ مُوسَى . وَأَيُوبُ بُن عُلْهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبَيْدِ اللَّهِ بْنِ مُوسَى . وَلَيُوبُ مُنْ مَا الْحَدِيثِ عَبْقُولُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبْيَدِ اللَّهِ بْنِ مُوسَى . وَلَيْتُ الْمُوسَى . وَلَيْ اللَّهُ بُن مُوسَى . وَلَيْقُولُ الْمُوسَى . وَلَيْ اللَّهُ بُن مُوسَى . وَلَيْ اللَّهُ الْمُوسَى . وَلَيْ اللَّهُ مِنْ عَلْو اللَّهُ عَلْمُ الْمُوسَى الْمُوسَى الْمُوسَى . وَلَا الْحَدِيثِ عَلْمُولُ الْمُوسَى اللَّهُ عَلْمُ اللهُ عَلْمُ اللهُ عَلْمُ

#### বাংলা

৬১২. আবদুল্লাহ ইবনু আবী যিয়াদ (রহঃ) ..... কা'ব ইবনু উজরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমাকে একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে কা'ব ইবনু উজরা, আমার পরে কিছু আমীর হবে তাদের (অমঙ্গল) থেকে আমি তোমাকে আল্লাহর আশ্রয়ে দিচ্ছি। যে ব্যক্তি তাদের দরজায় যাবে এবং তাদের মিথ্যাচারে তাদের সমর্থন দিবে, তাদের যুলুমে তাদের সহযোগিতা করবে, তার সাথে আমার কোন সম্পর্ক নেই। আমার সঙ্গেও তার কোন সম্পর্ক নেই। সে হাওযে কাওসারে পানি পান করতে আমার নিকট আসতে পারবে না। আর যে ব্যক্তি তাদের দরজায় যাবে না এবং তাদের মিথ্যাচারে তাদের সমর্থন করবে না, তাদের যুলমে তাদের



সহযোগিতা করবে না, সে আমার এবং আমি তার। অবশ্যই সে হাওয়ে কাওসারে পানি পান করতে আমার নিকট আসবে। হে কা'ব ইবনু উজরা, সালাত (নামায/নামাজ) হল দলীল, সাওম হল রক্ষাকারী বর্ম, পানি যেমন আগুন নিভিয়ে দেয়, তেমনি দান-সদকাও গুনাহসমূহ দূরীভূত করে দেয়। হে কা'ব ইবনু উজরা, হারাম খেয়ে যে মাংসের বৃদ্ধি ঘটেছে, জাহান্নামাগ্নই হল তার যোগ্য। - তা'লীকুর রাগীব ৩/১৫, ১৫০, তিরমিজী হাদিস নম্বরঃ ৬১৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নাই। রাবী আইয়ূব ইবনু আয়েব যঈফ। তিনি মুরজি'আ-পন্থি ছিলেন বলেও কেউ কেউ বর্ণনা করেছেন। ইমাম মুহাম্মাদ আল-বুখারী (রহঃ)-কে এই হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উবায়দুল্লাহ ইবনু মূসা- এর সূত্র ছাড়া এটি সম্পর্কে কিছু জানেন না। তিনি এই সনদটি অত্যন্ত গারীব বলে অভিহিত করেছেন।

### **English**

Ka'b bin Ujrah narrated:

"The Messenger of Allah said to me: 'I seek refuge in Allah for you O Ka'b bin Ujrah from leader that will be after me. Whoever comes to their doors to approve of their lies and supports them in their oppression, then he is not of me and I am not of him, and he will not meet me at the Hawd. And whoever comes to their doors, or he does not come, and he does not approve of their lies and he does not support them in their oppression, then he is from me and I am from him, and he will meet me at the Hawd. Ka'ab bin Ujrah! Salat is clear proof, and Sawm (fasting) is an impregnable shield, and Sadaqah (charity) extinguishes sins just as water extinguishes fire. O Ka'b bin Ujrah! There is no flesh raised that sprouts from the unlawful except that the Fire is more appropriate for it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন